



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ইমেইলঃ info@nhrc.org.bd; হেল্পলাইনঃ ১৬১০৮

স্মারকঃ এনএইচআরসিবি/প্রেস বিজ্ঞ-২৩৯/১৩-১৬৪

তারিখঃ ০৯ মে ২০২৩

সংবাদ বিজ্ঞপ্তিঃ

জাতীয় মানবাধিকার কমিশনের ২০২২ সালের বার্ষিক প্রতিবেদন মহামান্য রাষ্ট্রপতির নিকট হস্তান্তর

আজ দুপুরে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ এর মহামান্য রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন এর নিকট জাতীয় মানবাধিকার কমিশন এর বার্ষিক প্রতিবেদন ২০২২ হস্তান্তর করেন কমিশনের চেয়ারম্যান ড. কামাল উদ্দিন আহমেদ- এর নেতৃত্বে সদস্যগণ। এসময় নবনিযুক্ত মহামান্য রাষ্ট্রপতিকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান তাঁরা। কমিশন চেয়ারম্যান মহামান্যকে বর্তমান কমিশনের বিভিন্ন কার্যক্রম সম্পর্কে অবহিত করেন। তিনি জানান, বর্তমান কমিশন ২০২২ সালের ১০ ডিসেম্বর দায়িত্ব গ্রহণের পর থেকেই জাতীয় মানবাধিকার কমিশন আইন ২০০৯ আলোকে ম্যাডেট অনুযায়ী মানবাধিকার লঙ্ঘন পর্যবেক্ষণসহ সুনির্দিষ্ট কার্যক্রম পরিচালনা করে যাচ্ছে। মহামান্য রাষ্ট্রপতি কমিশনের কার্যক্রমের জন্য সন্তুষ্টি প্রকাশ করেন এবং মানবাধিকার সুরক্ষায় কমিশনকে তার কার্যক্রম চালিয়ে যাওয়ার আহ্বান জানান। এসময় কমিশনের সার্বক্ষণিক সদস্য মোঃ সেলিম রেজা, অবৈতনিক সদস্য মোঃ আমিনুল ইসলাম, কংজরী চৌধুরী, ড. তানিয়া হক, এডভোকেট কাওসার আহমেদ উপস্থিত ছিলেন।

ধন্যবাদান্তে,

স্বাক্ষরিত/-

ফারহানা সাঈদ

উপপরিচালক

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ